## ব্যবসায়ের ধারনাঃ

ব্যবসায়ের উৎপত্তির মূলে ছিল মানুষের অভাব বোধ। অভাব পুরণের লক্ষ্যেই মূলত মানুষ বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডের মাধ্যমে উপার্জনের প্রচেষ্টা চালায়। মূলত অর্থনৈতিক কর্মকান্ড ও লেনদেনকে ঘিরেই উদ্ভব হয় ব্যবসায়ের।

সাধারণভাবে মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে।
তবে মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত সকল অর্থনৈতিক কর্মকান্ডকে ব্যবসায় বলে গণ্য করা হবে তখনই যখন সেগুলো দেশের আইনে বৈধ ও সঠিক উপায়ে পরিচালিত হয়।